জান্নাতীরা যখন জান্নাতে প্রবেশ করবে, তখন একজন ঘোষণাকারী ঘোষণা করবে যে, তোমাদের জন্য এখন অনন্ত জীবন; তোমরা আর কখনো মরবে না। তোমাদের জন্য এখন চির সু-স্বাস্থ্য; তোমরা আর কখনো অসুস্থ হবে না। তোমাদের জন্য এখন চির যৌবন; তোমরা আর কখনো বৃদ্ধ হবে না। তোমাদের জন্য এখন চির সুখ ও পরমানন্দ; তোমরা আর কখনো দুঃখ-কষ্ট পাবে না।

আবূ সাঈদ খুদরী ও আবূ হুরায়রা রাদিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, “জান্নাতীরা যখন জান্নাতে প্রবেশ করে যাবে,
তখন একজন ঘোষণাকারী ঘোষণা করবে যে, তোমাদের জন্য এখন অনন্ত জীবন; তোমরা আর কখনো মরবে না। তোমাদের জন্য এখন চির সু-স্বাস্থ্য; তোমরা আর কখনো অসুস্থ হবে না।
তোমাদের জন্য এখন চির যৌবন; তোমরা আর কখনো বৃদ্ধ হবে না। তোমাদের জন্য এখন চির
সুখ ও পরমানন্দ; তোমরা আর কখনো দুঃখ-কষ্ট পাবে না।” [সহীহ] [এটি মুসলিম বর্ণনা করেছেন।]

জান্নাতের নি‘আমাতসমূহ সম্পর্কে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সংবাদ দেন যে, “জান্নাতীরা যখন জান্নাতে প্রবেশ করে যাবে, তখন একজন ঘোষণাকারী ঘোষণা করবে যে, তোমাদের জন্য এখন অনন্ত জীবন; তোমরা আর কখনো মরবে না। তোমাদের জন্য এখন চির সু- স্বাস্থ্য; তোমরা আর কখনো অসুস্থ হবে না।” অর্থাৎ তারা চিরস্থায়ী নি‘আমতের মধ্যে থাকবে তারা মরণ ও অসুস্থ এবং বৃদ্ধ ও দূর্বল হওয়ার ভয় করবে না। আর তারা যে নি‘আমাতের মধ্যে রয়েছে তা বন্ধ হওয়ার আশঙ্কা করবে না। এ হাদীসটি এবং এ ধরনের যত হাদীস রয়েছে সবই মানুষকে নেক আমলের প্রতি উদ্বুদ্ধ করে যা দ্বারা মানুষ এ ঘরের দিকে পৌঁছতে পারে।

https://sunnah.global/hadeeth/bn/show/8341